

## সিডনিতে রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ২৯তম শাহাদতবার্ষিকী পালিত

এম. মোরশেদ: বাংলাদেশ জাতীয়তাবাদীদল অস্ট্রেলিয়া শাখার উদ্যোগে রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ২৯তম শাহাদতবার্ষিকী উপলক্ষে গত ৩০শে মে সিডনির বনফুল রেস্টুরেন্টে বিএনপি, অস্ট্রেলিয়ার আহ্বায়ক দেলোয়ার হোসেনের সভাপতিত্বে এক মিলাদ মাহফিল দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।



সভাপতির বক্তব্যে দেলোয়ার হোসেন শুধু কথায় বা বক্তৃতায় নয়, কাজের মাধ্যমে শহীদ জিয়ার আদর্শকে সারাদেশে ছড়িয়ে দেয়ার জন্য দলের নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, প্রেসিডেন্ট জিয়া তাঁর চারিত্রিক গুণাবলী দিয়ে দেশের সকল শ্রেণী-পেশার মানুষের মন জয় করেছিলেন।

শহীদ চৌধুরী এ্যানী বলেন, শহীদ জিয়াকে স্বাধীনতার ঘোষক বললে বেশি কিছু বলা হয় না। একজন দূরদৃষ্টিসম্পন্ন রাষ্ট্রনায়ক বললে হয়তো কিছুটা মূল্যায়ন করা হয়। ঐ সময় দেশে অনেক রাজনীতিক ছিলেন। কিন্তু কেউ সেদিন ওই সাহসী ঘোষণাটি উচ্চারণ করতে পারেননি। তাকে যারা হত্যা করেছে তারা দেশের শত্রু।

আলোচনা সভায় দলমত নির্বিশেষে সিডনির বিশিষ্ট নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। বিএনপি অস্ট্রেলিয়ার যুগ্ম আহ্বায়ক এম.এম সারোয়ার বাবুর পরিচালনায় আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন ড. হুমায়ের চৌধুরী রানা, বাংলাদেশ জাতীয়তাবাদী দল অস্ট্রেলিয়া শাখার যুগ্ম আহ্বায়ক এম. এম সারোয়ার বাবু, ইব্রাহীম খলিল মাসুদ, সাবেক যুগ্ম আহ্বায়ক ছাত্রনেতা মোসলেহউদ্দিন আরিফ, কুদরতউল্লাহ লিটন, জাসাস অস্ট্রেলিয়ার সাবেক সভাপতি নাসিম হোসাইন, সাবেক সহ সভাপতি রুহুল আহমেদ সওদাগর, সাবেক সহ সভাপতি আবুল হাশেম মৃধা জিলু, তারেক রহমান স্বদেশ প্রত্যাবর্তন সংগ্রাম পরিষদ, অস্ট্রেলিয়ার আহ্বায়ক মো: লুৎফুল কবির, রফিক হাসান, বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল কেন্দ্রীয় কমিটির সাবেক প্রযুক্তি বিষয়ক সম্পাদক ইয়াসির আরাফাত সবুজ, বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল অস্ট্রেলিয়া শাখার সভাপতি হাফিজুল ইসলাম তারেক, সিনিয়র সহ সভাপতি হাসান আল মামুন, সাধারণ সম্পাদক এ এন.এম.মাসুম, স্বৈচ্ছাসেবক দল অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক সর্দার মো: খালেদ, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল অস্ট্রেলিয়া শাখার আহ্বায়ক মোস্তফা মোরশেদ নিথুন, যুগ্ম আহ্বায়ক, সজীব আহাম্মদ, যুবদল অস্ট্রেলিয়া শাখার সাংগঠনিক সম্পাদক আবদুর রহিম, স্বৈচ্ছাসেবকদল অস্ট্রেলিয়া শাখার সাংগঠনিক সম্পাদক মোনায়েম খান মিশু, এস এম রানা, মোস্তাফিজ আল মামুন, নেসার আহাম্মদ, আবুল কাশেম, মোহাম্মদ নোমানুল ইসলাম, শাহাদাত হোসেন সোহেল, জামিল হোসাইন, ফসিউল আলম জামাল প্রমুখ।